বাগেরহাটে স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের উপর হামলার অভিযোগ, আহত ২০ (ভিডিও)

বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার তেলিগাতী ইউনিয়ন পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা খান নজরুল ইসলামের সমর্থকদের উপর হামলার অভিযোগ পাওয়া গেছে। শুক্রবার দিনগত রাতে তেলিগাতি ইউনিয়নের মধ্যম তেলিগাতি গ্রামের এতিমুল্লাহ মোড়ে খান নজরুল ইসলামের নির্বাচনী কার্যালয়ের কাছে এঘটনা ঘটে। এসময় উভয় পক্ষের কমপক্ষে ২০ জন আহত হয়েছে। খবর পেয়ে মোরেলগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

মুক্তিযোদ্ধা খান নজরুল ইসলাম অভিযোগ করেন, তিনি যুদ্ধাপরাধ মামলার বাদী ও দীর্ঘদিন ধরে তেলিগতি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছেন। এবার তিনি আওয়ামী লীগের দলীয় মনোনয়ন চেয়ে পাননি।

বর্তমান চেয়ারম্যান মোরশেদা আক্তারের অনিয়ম দূর্র্নীতিতে ইউনিয়নবাসি জর্জারিত। তাই শান্তিপ্রিয় ইউনিয়নবাসীর অনুরোধে তিনি সতন্ত্র প্রার্থী হয়েছে। প্রার্থী হওয়ার পর থেকে তার নির্বাচনী প্রচারণায় বাধা দেয়া, মুক্তিযোদ্ধা নিয়ে কটুক্তি করা, হুমকি, হামলার ঘটনা অব্যহত রেখেছেন। এমনকি তার সমর্থকদের বাড়ি বাড়ি গিয়ে হুমকি দেয়া হচ্ছে।

তিনি অভিযোগ করেন, গতরাতে তিনি তার সমর্থকদের নিয়ে সভা শেষে বাড়ি ফিরছিলেন। এসময় ১০/১৫টি মটর সাইকেল যোগে একদল সশস্ত্র সন্ত্রাসী তাদের উপর হামলা করে। অতর্কিত হামলায় সবাই ছোটাছুটি শুরু করে। তিনি পার্শবর্তি একটি বাড়িতে ঢুকে পড়েন। এসময় সন্ত্রাসীদের ধারালো অস্ত্রের আঘাতে তার ১৫/১৬ জন কর্মী-সমর্থক আহত হয়। এদের মধ্যে আশংঙ্কাজনক অবস্থায় ৫ জনকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিরা স্থানীয় ভাবে চিকিৎসা নিয়েছেন। এখনও এলাকায় আতংক বিরাজ করছে।
গুরুতর আহতরা হলেন, ইকলু শেখ (৫০), সরোয়ার শেখ (৬০), হান্নান

শেখ (৪০), লুৎফর হাওলাদার ও রোমান শেখ।

আহত রুমিন হাওলাদার জানান, হঠাৎ করে প্রতিপক্ষরা তাদের নির্বাচনী অফিসে ইটপাটকেল নিক্ষেপ ও পার্শ্ববর্তি কয়েকটি দোকান ভাংচুরের পর তাদের উপর আক্রমন করে। এতে তারা আতংকিত হয়ে পড়েন। এসময় প্রতিপক্ষরা তাদের এলোপাতাড়ি ভাবে মারপিট করতে থাকে। নেতাকর্মীদের আত্মচিৎকারে এলাকাবাসি ছুটে এলে সন্ত্রাসীরা পালিয়ে যায়।

তেলিগাতি ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার খান মুজিবুর রহমান জানান, তালিকাভুক্ত রাজাকার পরিবারের সদস্য বর্তমান চেয়ারম্যান মোরশেদা আক্তারের বিপক্ষে যারা কাজ করবে, তাদের মুক্তিযোদ্ধা ভাতা বন্ধ করে দেয়ার হুমকি দিয়েছে। গতরাতের হামলার পর তারা সবাই ভয়ে আছেন।

ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান হাওলাদার জানান, ‘ আমি ১৯৮৬ সাল থেকে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদকের দায়িত্ব পালন করছি। বর্তমান চেয়ারম্যান মোরশেদা আক্তারের শশুর আ: সত্তার খান মোরেলগঞ্জ উপজেলার ৪৭ নং তালিকাভুক্ত রাজাকার। আমরা ৯ জন আওয়ামী লীগের মনোনয়ন চেয়েছিলাম। আমরা সবাই মিলে মুক্তিযোদ্ধা খান নজরুল ইসলামকে সমর্থন দিয়েছি। বর্তমান চেয়ারম্যান মোরশেদা আক্তারের দূর্ব্যবহারে ইউনিয়নবাসি অতিষ্ঠ। তার কোন ভোট নাই। নিশ্চিত পরাজয় বুঝতে পেরে তিনি খান নজরুল ইসলামকে মাঠ থেকে বিদায় করার চেস্টা করছেন। গতরাতে অস্ত্রসহ হামলার খবর শুনে ঘটনাস্থলে এসে পুলিশকে খবর দিই। এলাকাবাসি ও পুলিশ ঘটনাস্থলে আসলে সন্ত্রাসীরা পালিয়ে যায়।’

এবিষয়ে জানতে চাইলে ইউপি চেয়ারম্যান মোরশেদা আক্তার হামলার অভিযোগ অস্বীকার করে বলেন, ‘আমার লোকজন পোস্টার লিফলেট নিয়ে যাওয়ার সময় মধ্যম তেলিগাতি এতিমউল্লাহ মোড়ে পৌছালে খান নজরুল ইসলামের লোকজন তাদের মারপিট করে। এতে আমার ৮জন কর্মি-সমর্থক আহত হয়। যারা এখন হাসপাতালে ভর্তি রয়েছে।

মোরেলগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মনিরুল ইসলাম দুপুরে মোবাইলে এই প্রতিবেদককে জানান, রাতে তেলিগাতি ইউনিয়নের দুই চেয়ারম্যান প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনা হয়েছে। এঘটনায় কয়েকজন আহত হয়েছে। এবিষয়ে থানায় এখনও কোন মামলা হয়নি। মামলা হলে তদন্ত

করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

বাগেরহাট জেলায় প্রথম ধাপে ৭০টি ইউনিয়নের মধ্যে ৪০টি আওয়ামী লীগের প্রার্থীরা বিনা ভোটে নির্বাচিত হয়েছেন। অন্য ৩০টি ইউনিয়নে চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থী রয়েছেন। আগামী ১১ এপ্রিল প্রথম ধাপে এসব ইউনিয়নে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

ভিডিও দেখুন